# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 03-03-2026 Time: 1.40 PM**

**বিশেষ বিশেষ খবর –**

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দ্রুত অর্থনৈতিক উন্নয়ন বিকশিত ভারতের দৃষ্টিভঙ্গীকে কার্যকর করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ স্তম্ভ হয়ে উঠেছে। এবারের বাজেট পরবর্তী ওয়েবিনারের দ্বিতীয় পর্যায়ে যোগ দিয়ে প্রধানমন্ত্রী একথা বলেন।

২) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, আগামী দিনে রাজ্যে বিজেপি সরকার গঠন করলে, সরকারী অর্থের অপব্যবহারের সঙ্গে যুক্ত ব্যক্তিদের কঠোর শাস্তি দেওয়া হবে।

৩) নাগরিকত্ব সংশোধন আইন )CAA) এর অধীনে ভারতীয় নাগরিকত্বের আবেদনের বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য কেন্দ্র, পশ্চিমবঙ্গে আরও দুটি কমিটি গঠন করেছে।

৪) উত্তরবঙ্গের ক্ষুদ্র চা-চাষিদের জন্য স্বল্প সুদের ঋণ প্রকল্পে অনুমোদন দিল জাতীয় কৃষি ও গ্রামীণ উন্নয়ন ব্যাঙ্ক নাবার্ড।

৫) রাজ্যে আজ বিপুল উৎসাহ-উদ্দীপনার সঙ্গে রং-এর উৎসব দোল যাত্রা পালিত হচ্ছে। রং ও আবীরের খেলায় মেতে উঠেছেন সভাই।

৬) আজ চন্দ্র গ্রহণ। গ্রহণের শেষাংশ দেশের প্রায় সব জায়গা থেকেই দেখা যাবে।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত তার মজবুত শক্তিশালী অর্থনীতির মাধ্যমে গোটা বিশ্বের নজর কেড়েছে। ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে বাজেট পরবর্তী এক ওয়েবিনারে তিনি বলেছেন, দ্রুত অর্থনৈতিক উন্নয়ন বিকশিত ভারতের দৃষ্টিভঙ্গিকে কার্যকর করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ স্তম্ভ হয়ে উঠেছে। এবারের বাজেট পরবর্তী ওয়েবিনারের মূল ভাবনা ছিল, অর্থনৈতিক বৃদ্ধিকে স্থিতিশীল ও শক্তিশালী করা। এ প্রসঙ্গে তিনি বলেন, বিশ্ব আজ নির্ভরযোগ্য অংশীদার খুঁজছে, এক্ষেত্রে ভারত মূল চালিকাশক্তি হয়ে উঠেছে।

বাইট-মোদী(PM-ON-ECONOMIC-PILLAR)

তিনি বলেন, সরকারের মূল উদ্দেশ্য হলো, আরও বেশি উৎপাদন, আরও বেশি সংযোগ এবং আরও বেশি রফতানি। ভারত বিভিন্ন দেশের সঙ্গে মুক্ত বাণিজ্যে প্রবেশ করেছে যার জন্য নতুন নতুন সুযোগ উন্মুক্ত হচ্ছে।

বাইট-মোদী(PM-1)

শ্রী মোদী শিল্প সংস্থাগুলিকে আরও গবেষণা এবং মানোন্নয়নের পরামর্শ দিয়েছেন। বাজেটে বায়োফার্মা শক্তি প্রকল্পের জন্য বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে, যার উদ্দেশ্য হল বায়োফার্মা শিল্পে ভারতকে সারাবিশ্বের মূল কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা করা।

বাইট-মোদী(PM--BIOPHARMA--SHAKTI-MISSION)

oooooooooooooooooooooooo

রাজ্যের চর্ম শিল্পকে আরও রপ্তানিমুখী করে তুলতে বিশ্বব্যাঙ্ক সমর্থিত ‘রেইজিং অ্যান্ড অ্যাকসেলারেটিং এমএসএমই প্রোডাক্টিভিটি’ বা র‍্যাম্প কর্মসূচির অধীনে কলকাতা ও সংলগ্ন এলাকার এমএসএমই ও ট্যানারিগুলির জন্য বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে।

ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প এবং বস্ত্র দপ্তর সূত্রে জানা গিয়েছে, রাজ্যের কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় চর্ম শিল্পকে অগ্রাধিকার হিসেবে চিহ্নিত করা হয়েছে।

এই প্রকল্পের অংশ হিসেবে ইতিমধ্যেই দরপত্র ডাকা হয়েছে। দপ্তর সূত্রে জানা গিয়েছে, অন্তত ৫০টি  প্রশিক্ষণ শিবির আয়োজনের পরিকল্পনা রয়েছে, প্রতিটি শিবিরে ন্যূনতম ৫০ জন এমএসএমই উদ্যোক্তা অংশ নেবেন। প্রশিক্ষণের বিষয়গুলির মধ্যে থাকবে রপ্তানির প্রস্তুতি, ই-কমার্স সংযোগ, পণ্য উন্নয়ন ও ব্র্যান্ডিং, আর্থিক সচেতনতা, ডিজিটাল ঋণ সুবিধা, মান নিয়ন্ত্রণ ও টেকসই উৎপাদন পদ্ধতি। মহিলা উদ্যোক্তা ও প্রান্তিক সম্প্রদায়ের ব্যবসায়ীদের জন্যও বিশেষ উদ্যোগ নেওয়া হবে।

**oooooooooooooooooooooooooo**

উত্তরবঙ্গের ক্ষুদ্র চা চাষিদের জন্য স্বল্পসুদের ঋণ প্রকল্পে অনুমোদন দিল জাতীয় কৃষি ও গ্রামীণ উন্নয়ন ব্যাঙ্ক বা নাবার্ড। এই প্রকল্পের আওতায় প্রথমবারের মতো উত্তরবঙ্গের প্রায় ৫০ হাজার ক্ষুদ্র চা বাগান প্রাতিষ্ঠানিক ঋণের সুবিধা পেতে চলেছে।

জলপাইগুড়ি সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের মাধ্যমে, ব্যক্তিগত মালিকানাধীন ক্ষুদ্র চা বাগান এবং সমবায়ের অধীনে পরিচালিত চাষিরা প্রত্যেকে ১ লক্ষ ৪৩ হাজার টাকা পর্যন্ত ঋণ ৭ শতাংশ সুদে পাবেন।
তবে ঋণগ্রহীতা যদি এক বছরের মধ্যে সম্পূর্ণ অর্থ শোধ করে দেন, তা হলে  সুদের হার হ্রাস পেয়ে হবে ৪ শতাংশ। দ্বিতীয় বছরে একই সুদের হারে অতিরিক্ত ৬৪ হাজার টাকা ঋণ দেওয়া হবে বলেও জানানো হয়েছে।এই প্রকল্প নাবার্ডের রিফাইন্যান্স প্রক্রিয়ার আওতায় আনা হয়েছে। ফলে ক্ষুদ্র চা চাষিদের আর্থিক সুরক্ষা এবং উৎপাদনশীলতা বৃদ্ধিতে তা গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে বলেই মনে করা হচ্ছে।

**oooooooooooooooooooooooo**

বিধানসভা নির্বাচনের আবহে রাজ্যে বিজেপি-র পরিবর্তন যাত্রা শুরু হয়েছে। গতকাল দ্বিতীয় দিনে রাজ্যের পাঁচটি জায়গায় এই কর্মসূচী চলে। দক্ষিণ ২৪ পরগনার রায়দিঘিতে  পরিবর্তন যাত্রার সূচনা করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্‌।  রাজ্যের শাসকদলের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তুলে তিনি বলেন, আগামী দিনে রাজ্যে বিজেপি

সরকার গঠন করলে সরকারি অর্থের অপব্যবহারের সঙ্গে যুক্তদের কঠোর শাস্তি দেওয়া হবে।

(বাইট – অমিত শাহ্)

রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে রাজ্যে পরিবর্তন আসন্ন।

(বাইট – শুভেন্দু)

কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে আগামী **১৫'ই** মার্চ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সমাবেশের মধ্যে দিয়ে পরিবর্তন যাত্রা সমাপ্তি হবে। দোল এবং হোলি উপলক্ষে দুদিন পরিবর্তন যাত্রা স্থগিত থাকছে।

**oooooooooooooooooooooo**

নাগরিকত্ব সংশোধন আইন (CAA) এর অধীনে ভারতীয় নাগরিকত্বের আবেদনের বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য কেন্দ্র, পশ্চিমবঙ্গে আরও দুটি কমিটি গঠন করেছে। একটি গেজেট বিজ্ঞপ্তিতে, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক জানিয়েছে, কমিটির শীর্ষে থাকবেন ভারত সরকারের ডেপুটি সেক্রেটারির পদমর্যাদার নীচে নয় এমন একজন আধিকারিক। এই আধিকারিককে মনোনীত করবেন ভারতের রেজিস্ট্রার জেনারেল এবং আদমশুমারি কমিশনার। বিপুল সংখ্যক আবেদনের দ্রুত নিষ্পত্তির জন্য দুটি অতিরিক্ত প্যানেল গঠনের সিদ্ধান্তও নেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গে ইতিমধ্যেই এমন দুটি কমিটি রয়েছে।

CAA আইন পাকিস্তান, আফগানিস্তান এবং বাংলাদেশ থেকে আসা হিন্দু, শিখ, খ্রিস্টান, বৌদ্ধ, জৈন এবং পার্সি - থেকে আসা অভিবাসীদের নাগরিকত্ব প্রদানের ব্যবস্থা করে, যারা তাদের নিজ দেশে ধর্মীয় নিপীড়নের আশঙ্কায় 31 ডিসেম্বর, 2014 এর আগে ভারতে এসেছিলেন।

**ooooooooooooooooooooooooo**

আজকের প্রসঙ্গ-এ আজ শুনবেন বিশেষ আলোচনা বিশ্ব রাজনৈতিক প্রেক্ষাপটে ভারত। প্রফেসর ইমন কল্যাণ লাহিড়ীর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী

সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির প্রথম পর্ব  শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি ও আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

দ্বিতীয় তথা শেষ পর্ব শোনা যাবে রাত সাড়ে নটায় গীতাঞ্জলি ও আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

oooooooooooooooooooooooooo

সারা রাজ্যে বিপুল উৎসাহ-উদ্দীপনার সঙ্গে দোল যাত্রা উদযাপিত হচ্ছে। ঋতুরাজ বসন্তের আবাহনে ছেলে-বুড়ো সকলেই রং খেলায় মেতে উঠেছে। রাস্তায় রং পিচকিরি নিয়ে শিশু – কিশোরদের একে অপরের গায়ে রং দিতে দেখা যায়। বয়স্করা একে অপরকে আবীরে রাঙিয়ে প্রীতি-শুভেচ্ছা বিনিময় করেন।

ooooooooooooooooooooooo

দোলপূর্ণিমায় আজ নদীয়ার নবদ্বীপ ও মায়াপুরে উদযাপিত হচ্ছে শ্রীচৈতন্য মহাপ্রভু-র আবির্ভাব দিবস। গৌরাঙ্গ মহাপ্রভুর আবির্ভাব উপলক্ষে প্রাচীন এই দুই শহরে ভোর থেকেই ভক্তদের ঢল নেমেছে। দূরদূরান্ত থেকে হাজার হাজার পূণ্যার্থী সমবেত হয়েছেন । প্রায় এক মাসব্যাপী নানা ধর্মীয় ও নানা সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয কোন সহ বেশ কিছু মঠে। মায়াপুর ইসকন মন্দিরে বাড়তি নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।

অন্যদিকে, জেলার কল্যাণী-র ঘোষপাড়ায় বসেছে ঐতিহ্যবাহী সতীমার মেলা। পূণ্যার্থীরা স্নান সেরে ডালিম গাছে ঢিল বেঁধে মানত করছেন। মেলায় আখড়ায় আখড়ায় চলছে বাউল গান—আধ্যাত্মিক সুরে মুখর হয়ে উঠেছে চারদিক। আশপাশের বিভিন্ন জেলা থেকে বাউল শিল্পীরা এসেছেন। এদিকে দোলে শান্তিপুরে ও ঘরে ঘরে লক্ষী পূজার মত গোপালপুজোর আয়োজন চলেছে।

ooooooooooooooooooooooo

কোচবিহার মহারাজাদের কূল দেবতা মদনমোহনের দোল উৎসব উপলক্ষে সেজে উঠেছে মদনমোহন মন্দির চত্বর। এই উপলক্ষে আজ সকাল থেকে ভক্তদের ঢল নামে। মদন মোহন এর পায়ে আবির নিবেদনের পর ভক্তরা সকলের সঙ্গে দোল খেলায় মেতে ওঠেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সারা রাজ্যে মহাসমারোহে আজ দোল উৎসব উদযাপিত হলেও বর্ধমানে শহরে দোল হবে আগামীকাল । রাজ আমল থেকে এই নিয়ম চলে আসছে।

দোলের দিন বর্ধমান রাজ পরিবারের কূল দেবতা লক্ষী নারায়ন জিউয়ের রং খেলার দিন নির্দিষ্ট করা হয়। পরের দিন রাজপরিবারের সদস্য এবং প্রজারা রং খেলতেন, সেই প্রথাকে মান্যতা দিয়ে আজকের দিনে কোনো রং বা আবির না খেলে শুধুমাত্র দেবতাদের পায়ে রং দেওয়া হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দোল যাত্রা উপলক্ষ্যে কম সংখ্যক যাত্রী চলাচলের প্রেক্ষিতে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন শহরতলীর বেশ কিছু ট্রেন আজ বাতিল করার সিদ্ধান্ত নিয়েছে। শিয়ালদা ডিভিশনের বিভিন্ন সেকশনে আপ ও ডাউন মিলিয়ে ২-শোর বেশি EMU লোকাল বাতিল আছে ।

এছাড়া রানাঘাট - শিয়ালদা, রানাঘাট - শিয়ালদা ভায়া বনগাঁ , শিয়ালদা - কৃষ্ণনগর, এবং শিয়ালদা - কল্যাণীর মধ্যে একজোড়া করে AC লোকালও বাতিল থাকছে। পরের দিন আগামীকাল সংশ্লিষ্ট AC লোকাল গুলি বাতিল থাকার পাশাপাশি রবিবারের সময়সূচি অনুযায়ী ট্রেন চলবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এই উপলক্ষ্যে আজ দুপুর থেকে মেট্রো পরিষেবা পাওয়া যাবে। কলকাতা মেট্রো রেলের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে, ব্লু লাইনে দক্ষিণেশ্বর থেকে শহীদ ক্ষুদিরাম পর্যন্ত ৩০ টি আপ ও ৩০ টি ডাউন সহ মোট ৬০টি পরিষেবা দেওয়া হবে।

নোয়াপাড়া থেকে শহীদ ক্ষুদিরাম, শহীদ ক্ষুদিরাম থেকে দক্ষিণেশ্বর এবং দক্ষিণেশ্বর থেকে শহীদ ক্ষুদিরামের প্রথম পরিষেবা দুপুর দুটো ৩০ মিনিটে শুরু হবে।

হাওড়া ময়দান থেকে সল্টলেক সেক্টর ফাইভ গ্রিন লাইন সেকশনে ওই দিন ২৩ টি আপ ও ২২ টি ডাউন সহ মোট ৪৫ টি পরিষেবা দেওয়া হবে। প্রথম পরিষেবায় হাওড়া ময়দান থেকে সল্টলেক সেক্টর ফাইভে বিকেল ৩ টেয় ও সল্টলেক সেক্টর ফাইভ থেকে হাওড়া ময়দান বিকেল ৩ টে ২ মিনিটে শুরু হবে।

নোয়াপাড়া থেকে জয়হিন্দ বিমান বন্দর ইয়েলো লাইন সেকশনে ২২ টি আপ ও ২২ টি ডাউন সহ মোট ৪৪ টি পরিষেবা পাওয়া যাবে। নোয়াপাড়া থেকে জয় হিন্দ বিমান বন্দর দুপুর দুটো ৩৮ মিনিট ও জয় হিন্দ বিমান বন্দর থেকে নোয়াপাড়া প্রথম পরিষেবা তিনটেয় শুরু হবে।

জোকা থেকে মাজেরহাট পার্পেল লাইনে মোট ৩৮ টি পরিষেবা পাওয়া যাবে। Joka থেকে মাজেরহাটে দুপুর দুটো ৪০ মিনিট ও মাজেরহাট থেকে Joka প্রথম পরিষেবা বিকেল ৩ টে ৪ মিনিটে পাওয়া যাবে।

কবি সুভাষ থেকে বেলেঘাটা অরেঞ্জ লাইনে প্রথম পরিষেবা দুপুর আড়াইটে এবং বেলেঘাটা থেকে কবি সুভাষ বিকেল তিনটেয় শুরু হবে।

**oooooooooooooooooooooo**

**চলতি বছরের প্রথম পূর্ণগ্রাস চন্দ্রগ্রহণ হতে চলেছে আজ। বিকেল তিনটে কুড়ি মিনিটে গ্রহণ শুরু হয়ে শেষ হবে ৬ টা বেজে ৪৮ মিনিটে। পূর্ণ চন্দ্রগ্রহণ স্থায়ী হবে ৪ টে ৩৪ থেকে ৫ টা বেজে ৩৩ মিনিট পর্যন্ত। চাঁদ ওঠার সময় দেশের পশ্চিম অংশের কিছু জায়গা ছাড়া প্রায় সব জায়গা থেকেই এই গ্রহণ দেখা যাবে। তবে দেশের উত্তর পূর্ব অংশ এবং আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জ থেকে পূর্ণ গ্রহণের কিছু অংশও দেখা যাবে। এরপরে আবার ২০২৮ সালের ৬ই জুলাই ভারত থেকে চন্দ্রগ্রহণ দেখা যাবে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।**

<u>oooooooooooooooooooooo</u>

মুর্শিদাবাদের নওদা থানার পাটিকাবাড়িতে সোনার দোকান বন্ধ করে বাড়ি ফেরার পথে এক ব্যবসায়ীকে লক্ষ্য করে দুষ্কৃতিদের পরপর গুলি চালানোর ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। জখম হয়েছেন পাটিকাবাড়ি এলাকায় স্বর্ণ ব্যবসায়ী সুদর্শন বারিক। অভিযোগ গত রাতে বাজারপাড়া এলাকায় দোকান বন্ধ করে বাড়ি যাবার সময় অজ্ঞাত পরিচয় দুষ্কৃতিরা তাকে লক্ষ্য করে কয়েক রাউন্ড গুলি ছোড়ে। তবে তা লক্ষ্যভ্রষ্ট হয়। স্থানীয়রা ছুটে এসে ওই ব্যাবসায়ীকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

<u>oooooooooooooooooooooooo</u>

উত্তর চব্বিশ পরগনার গোবরডাঙ্গায় প্রকাশ্য রাস্তায় এক যুবতীকে অশ্লীল মন্তব্য ও ধর্ষণের হুমকি দেওয়ার অভিযোগে অনুপ বিশ্বাস ওরফে গৌবিন্দ নামে এক সরকা রি কর্মীকে গ্রেফতার করা হয়েছে।

অভিযোগ, কাজ সেরে ফেরার পথে ঐ ব্যক্তি তাঁকে লক্ষ্য করে অকথ্য ভাষায় গালি গালাজ ও অশ্লীল মন্তব্য করেন।এমনকি ধর্ষণের হুমকিও দেন বলে অভিযোগ। প রে বসিরহাট বাজার এলাকা থেকে তাঁকে গ্রেপ্তার করা হয়।

<u>ooooooooooooooooooooooooo</u>

<u>oooooooooooooooooooooo</u>